

থানা থেকে ট্রাংক ভেঙে এইচএসসির প্রশ্নপত্র চুরি

ধামইরহাট (নওগাঁ) প্রতিনিধি
২০ জুন ২০২৫, ০৬:৫৯ পিএম



নওগাঁর ধামইরহাট থানা হেফাজতে থাকা ট্রাংক ভেঙে আসন্ন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরিক্ষার প্রশ্নপত্র চুরির ঘটনা ঘটেছে। এই ঘটনায় তিন সদস্যের তদন্ত কমিটি গঠন করেছেন জেলা প্রশাসক।

গতকাল বৃহস্পতিবার তদন্ত কমিটি গঠন করা হয়। এর আগে গত মঙ্গলবার রাতে থানায় ঘটনাটি ঘটেছে।

থানা হেফাজতে থাকা ওই ট্রাংকের কয়েকটি ছবিতে দেখা যাচ্ছে, ২০২৫ সালের এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্রের জন্য সিলগালা করা ট্রাংকটি। যার মধ্যে থাকা দুইটি তালাইও উধাও হয়ে গেছে। ট্রাংকের ভেতরে থাকা ইসলামের ইতিহাসের এক সেট প্রশ্ন ছেঁড়া অবস্থায় ছড়িয়ে ছিটিয়ে রয়েছে।

এ বিষয়ে নওগাঁ পুলিশ সুপার মোহাম্মদ সাফিউল সারোয়ার জানান, গত ২৪ এপ্রিল রাতে উপজেলার বড়থা বাজারে দুর্বৃত্তের হামলায় উজ্জল হোসেন নামে একজন ছাগল ব্যবসায়ী নিহত হয়। এই মামলার আসামি বংশিবাটি এলাকার সাগর হোসেনকে(৩০) আটক করে মঙ্গলবার রাতে থানায় আনা হয়। পরে তাকে থানা হেফাজতে রাখলে হাতে হাতকড়া থাকাকালীন সময়ে তিনি ট্রাংকে থাকা প্রশ্নপত্রগুলো বের করে কিছু ছিঁড়ে ফেলেন, তবে কোনো প্রশ্নপত্র চুরি বা হারায়নি।

তবে কতগুলো প্রশ্নপত্র চুরি হয়েছে অথবা প্রশ্নপত্র চুরির তথ্য জানতে ধামইরহাট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আবদুল মালেকের সঙ্গে যোগাযোগের চেষ্টা করা হলে তার মোবাইল ফোন বন্ধ পাওয়া যায়।

উপজেলা ধামইরহাট সরকারি এমএম ডিগ্রী কলেজের অধ্যক্ষ মো. জাহাঙ্গীর আলম জানান, এ বিষয়ে তদন্ত চলমান রয়েছে। তবে কোনো প্রশ্নপত্র খোঁয়া যায়নি।